মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
www.sylhetboard.gov.bd

বিদ্যালয় শাখা

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.০০০.৪০০.৫৬.০০৪৭.২৫.৫৩২

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।**
সূত্র: কে.পি.উ.বি. প্রত্যঃ ১১৫/২৪ তারিখঃ২৬/১২/২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর প্রতিষ্ঠানের মানবিক,বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ ০১/০১/২০২৫খ্রি. হতে ৩১/১২/২০২৭ খ্রি. পর্যন্ত মোট ০৩(তিন) বছরের জন্য নিম্ন বর্ণিত শর্তে নবায়ন করা হলো;

**শর্তাবলী**

১. বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/ শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্সুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
২. প্রশিক্ষণ বিহীন শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. আই.সি.টি ভিত্তিক শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনা ও তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে।
৪. সহপাঠ্যক্রমিক কার্যাবলী যেমন- খেলাধুলা, শরীরচর্চা স্কাউটিংও বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা চালু রাখতে হবে।
৫. নিয়মিত আভ্যন্তরীণ ত্রৈমাসিক অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট ম্যানেজিং কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন করাতে হবে।
৬. পর্যাপ্ত বই সহ আলাদা লাইব্রেরী কক্ষের ব্যবস্থা করত: শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণের ব্যবস্থা করতে হবে।
৭. গভার্নি বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা ২০২৪-যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৮.শিক্ষার্থীদের নিকট হতে সরকার/বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না।
৯.শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান কার্যক্রম প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।
১০.শিক্ষার্থীদের দেশপ্রেমে উদ্বদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
১১.প্রতিষ্ঠানের চারিপার্শ্বে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপনকরত: পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১২.স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩(তিন) মাস পূর্বে যথা নিয়মে নির্ধারিত ফি দিয়ে স্বীকৃতি নবায়নের জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫-০৩-২০২৫
মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

প্রধান শিক্ষক
কালী প্রসাদ উচ্চ বিদ্যালয়, কমলগঞ্জ,মৌলভীবাজার।